

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬৯/২০১৬

অভিযোগকারী : জনাব এস.এম. সাইফ আলী
পিতা-এস.এম. মুজিবুর রহমান
ঠিকানা-দৈনিক সরেজমিন বার্তা
৭৫, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড
মালিবাগ, ঢাকা।

প্রতিপক্ষ : সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
মিরপুর পৌরসভা কার্যালয়
কুষ্টিয়া।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৫-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব এস.এম. সাইফ আলী ২৬-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ আনোয়ার হোসেন, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মিরপুর পৌরসভা কার্যালয়, কুষ্টিয়া বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

দরপত্র বিজ্ঞপ্তি ও বিজ্ঞাপন বিষয়ক তথ্যঃ

(১) দরপত্র বিজ্ঞপ্তি নং - ০৮/২০১৪-২০১৫

স্মারক নং - মি: পৌ: / কুষ্ / এডিপি /৩২/২০১৪-১৫/৪৩৫(৩০০)

তারিখ : ২১/০৬/২০১৫ ইং

ক) উল্লেখিত নম্বরের দরপত্র বিজ্ঞপ্তিটি যেসব জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে সেসব পত্রিকার নাম

খ) বিজ্ঞপ্তিটি যে তারিখে পত্রিকায় প্রকাশিত হয়েছে সেই তারিখ

গ) যে প্রতিষ্ঠানটি কার্যাদেশ পেয়েছে তার নাম ও ব্যবসায়িক ঠিকানা

ঘ) যে কয়টি সিডিউল জমা পড়ছিলো তার বিস্তারিত

ঙ) দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্তপত্র

চ) বিজ্ঞপ্তিটি প্রকাশের পর পত্রিকা কর্তৃপক্ষ যে বিল ভাউচারের মাধ্যমে বিজ্ঞাপনের বিলের টাকা দাবী করেছে সেই বিল দাবীর কাগজ পেতে চাই।

(২) দরপত্র বিজ্ঞপ্তি নং :

০১/২০১৪-২০১৫

০২/২০১৪-২০১৫

০৩/২০১৪-২০১৫

০৪/২০১৪-২০১৫

০৫/২০১৪-২০১৫

০৬/২০১৪-২০১৫

০৭/২০১৪-২০১৫

উল্লেখিত নম্বরের ৭ টি দরপত্র বিজ্ঞপ্তি যেসব জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে সেসব পত্রিকার নাম ও যে তারিখের পত্রিকার প্রকাশিত হয়েছে সেই তারিখ।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৭-০১-২০১৬ তারিখে হাজী মোহাঃ এনামুল হক, মেয়র ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), কুষ্টিয়া পৌরসভা কার্যালয়, কুষ্টিয়া বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-০২-১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১০-০৪-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৫-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব এস.এম. সাইফ আলী হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ আনোয়ার হোসেন, সচিব ও প্রাজ্ঞন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মিরপুর পৌরসভা কার্যালয়, কুষ্টিয়া হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৫। প্রতিপক্ষ প্রাজ্ঞন সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মিরপুর পৌরসভা কার্যালয়, কুষ্টিয়া তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি অন্যত্র বদলি হয়েছেন। তথ্য প্রাপ্তির আবেদনকালীন সময়ে নির্বাচন ছিল বিধায় তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। মৌখিকভাবে মেয়রের নিকট তথ্য সরবরাহের কথা বলেছিলেন। অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক 'চ' এর তথ্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানটি বিল জমা না দেয়ার কারণে তা সরবরাহ করা সম্ভব নয়, অবশিষ্ট তথ্য প্রস্তুত রয়েছে। প্রতিপক্ষ বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর মাধ্যমে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, প্রাজ্ঞন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নির্বাচনের জন্য তথ্য সরবরাহ করতে পারেননি। অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে 'চ' ক্রমিকের তথ্য ব্যতীত অবশিষ্ট সকল তথ্য বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর মাধ্যমে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে অভিযোগকারীকে ইতোমধ্যে বিজ্ঞাপন বিল পাওয়া গিয়ে থাকলে তাসহ তার প্রার্থীত সকল তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য সচিব ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মিরপুর পৌরসভা কার্যালয়, কুষ্টিয়া -কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার